# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৫৫

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## اَلْفَصْلُ الثَّانِىْ

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ لَا يَنَامُ حَتَّى يَقْرَأَ: (آلم تَنْزِيل) و (تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ)
رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ
وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ صَحِيحٌ. وَكَذَا فِي شرح السّنة. وَفِي المصابيح

বাংলা

২১৫৫-[৪৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (ঘুমানোর জন্য বিছানায় শোবার পর) যে পর্যন্ত সূরা ’আলিফ লা-ল মীম্ তানযীল’ ও সূরা ’তাবা-রকাল্লাযী বিয়াদিহিল মুলক’ পড়ে শেষ না করতেন ঘুমাতেন না। (আহমদ, তিরমিযী ও দারিমী। ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি সহীহ। ’শারহুস্ সুন্নাহ্’য় এরূপ রয়েছে, মাসাবীহ এ হাদীসকে গরীব বলেছেন।)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৮৯২, আহমাদ ১৪৬৫৯, দারিমী ৩৪১১, মু‘জামুল আওসাত ১৪৮৩, মুসতাদারাক লিল হাকিম ৩৫৪৫, শু‘আবূল ঈমান ২২২৮, সহীহাহ্ ৫৮৫, সহীহ আল জামি‘ ৪৮৭৩। তবে আহমাদ এর সানাদটি দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘আলিফ লাম মীম তানযীল’’ হলো সূরা আস্ সিজদ্ আর তাবা-রকাল্লাযী বিইয়াদিহিল মুলক হলো সূরা আল মুলক।

হাদীসের উদ্দেশিত অর্থ হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যখন নিদ্রা যাওয়ার সময় হতো তিনি এ

দু’টি সূরা না পড়ে নিদ্রা যেতেন না। অথবা তাঁর পাঠের আগে নিদ্রা যাওয়ার অভ্যাস ছিল না, তা নিদ্রার পূর্ব মুহূর্তে হোক অথবা খানিক আগেই হোক। মুল্লা ‘আলী কারী (রহঃ) এ দ্বিতীয় অর্থটিকে প্রাধান্য দিয়েছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56715

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন